

া সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪২৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫১৬, ১৫১৮]

২২/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৯৬৩. উটের হাওদায় আরোহণ করে হজ্জে গমন।

بَابِ الْحَجِّ عَلَى الرَّحْلِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيّ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، حَدَّثَنَا أَيْمَنُ بْنُ نَابِلِ، حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ مُحَمَّدٍ، عَنْ عَائِشَةَ ـ رضى الله عنها ـ أَنَّهَا قَالَتْ يَا رَسُولَ اللَّهِ، اعْتَمَرْتُمْ وَلَمْ أَعْتَمِرْ. فَقَالَ " يَا عَبْدَ الرَّحْمَنِ اذْهَبْ بِأُخْتِكَ فَأَعْمِرْهَا مِنَ التَّنْعِيمِ ". فَأَحْقَبَهَا عَلَى نَاقَةٍ فَاعْتَمَرَتْ.

বাংলা

وَقَالَ أَبَانُ حَدَّثَنَا مَالِكُ بْنُ دِينَارٍ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ مَعَهَا أَخَاهَا عَبْدَ الرَّحْمَنِ فَأَعْمَرَهَا مِنْ التَّنْعِيمِ وَحَمَلَهَا عَلَى قَتَبٍ وَقَالَ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ شُدُّوا الرّحَالَ فِي الْحَجِّ فَإِنَّهُ أَحَدُ الْجِهَادَيْن

আবান (রহঃ) ... আয়শা (রাঃ) থেকে বর্ণিত যে, নবী (সাঃ) এর সাথে তার ভাই আবদুর রহমান (রাঃ) কে প্রেরন করেন। তিনি আয়শাকে তান'ঈম নামক স্থান থেকে অথবা ছোট্র একটি হাওদায় বসিয়ে উমারা করাতে নিয়ে যান। উমর (রাঃ) বলেন, তোমরা হজ্জে (গমনের উদ্দেশ্যে) উটের পিঠে হাওদা মজবুত করে বাঁধ (সফর কর)। কেননা হজ্জও এক প্রকারের জিহাদ। মুহাম্মাদ ইবন আবু বকর (রহঃ) ... সুমামা ইবন আবদুল্লাহ ইবন আনাস (রাঃ) থেকে বর্ণিত যে, আনাস (রাঃ) হাওদায় আরোহণ অবস্থায় হজ্জে গমন করেছেন অথচ তিনি কৃপন ব্যক্তি ছিলেন না। তিনি আরো বলেন, নবী (সাঃ) হাওদায় আরোহণ করে হজ্জে গমন করেন এবং সেই উটটিই তার মালের বাহন ছিল।

১৪২৮। আমর ইবনু 'আলী (রহঃ) ... 'আয়িশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আপনারা 'উমরা করলেন, আর আমি 'উমরা করতে পারলাম না! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে 'আবদুর রাহমান! তোমার বোন (আয়িশা) কে সাথে করে নিয়ে তান'ঈম থেকে গিয়ে 'উমরা করিয়ে নিয়ে এসো। তিনি 'আয়িশাকে উটের পিঠে ছোট একটি হাওদার পশ্চাৎ ভাগে বসিয়ে দেন এবং তিনি 'উমরা সমাপন করেন।



হাদিস নং - ১৫১৬, ১৫১৭ ও ১৫১৮

English

Narrated Al-Qasim bin Muhammad:

`Aisha said, "O Allah's Messenger (ﷺ)! You performed `Umra but I did not." He said, "O `Abdur-Rahman! Go along with your sister and let her perform `Umra from Tan`im." `Abdur-Rahman made her ride over the packsaddle of a she-camel and she performed `Umra.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন